# রূপগঞ্জে মধুখালী গ্রামে পালিত হলো পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)




সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ:পবিত্র জশনে জুলুস ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে নারায়ণগঞ্জের মধুখালী গ্রামবাসীর উদ্যোগে এক আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। এই আয়োজনের মাধ্যমে গ্রামবাসী মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করেন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রীজ ফার্মাসিউটিক্যালসের ব্যবস্থাপনা পরিচালক গাজী মোকাম্মেল হক, নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি হাজী আবু মোহাম্মদ মাসুম, রূপগঞ্জ ইউনিয়ন ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মোশারফ হোসেন চিশতি,বিএনপি নেতা মশিউর রহমান টিপু এবং রূপগঞ্জ ইউনিয়ন বিএনপির মো. জিন্নত আলীসহ আরও অনেকে।

আলোচনা সভায় বক্তারা মহানবী (সা.)-এর জীবনাদর্শ, তাঁর দাওয়াত, ত্যাগ এবং মানবকল্যাণে তাঁর অসীম অবদান তুলে ধরেন। তারা বলেন, মহানবী (সা.)-এর শিক্ষা অনুসরণ করেই দুনিয়া ও আখেরাতে মুক্তি লাভ সম্ভব।

LENS ASIA

আলোচক হিসেবে বক্তব্য রাখেন মদিনাতুন নূর জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা হযরত মাওলানা বিল্লাল হোসেন আল আবেদী, আল মদিনা কেন্দ্রীয় জামে মসজিদের খতিব হযরত মাওলানা শহিদুল ইসলাম জুনাইদ আল কাদেরী, বায়তুল মামুর জামে মসজিদের ইমাম ও খতিব হযরত মাওলানা হাফেজ ফয়সল রেজা কাদেরী এবং মধুখালি জামে মসজিদের খতিব মো. রেহাত আলী আল আবেদী।

আলোচনা শেষে মহানবী (সা.)-এর জীবন থেকে শিক্ষা নেওয়ার তাওফিক কামনাসহ দেশ ও জাতির কল্যাণে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। গ্রামবাসীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আয়োজিত এই মাহফিলটি ধর্মীয় ও সামাজিক সম্প্রীতির এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে।